গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পর্কিত মার্চ ২০২১ মাসের সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব শামস আল মুজাদ্দিদ
পরিচালক (প্রশাসন ও অর্থ)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।

স্থান : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সম্মেলন কক্ষ।
তারিখ : ২২-০৩-২০২১ খ্রিঃ।
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা।
উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন), ফেব্রুয়ারি-২০২১ মাসের কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে কর্মপত্র বিস্তারিতভাবে আলোচনা করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | কর্মকর্তা |
|---|---|---|---|
| **উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কৌশলগত উদ্দেশ্য সমূহ:** | | | |
| [১] বিদ্যালয় বহির্ভূত শিশুদের জন্য উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষার সুযোগ অবারিতকরণ (৪র্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতাধীন) (সূচকের মান-৩৫): | **[১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে যাচাইকারী স্বতন্ত্র প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন। (সূচকের মান-১৫):** প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক Single Soure Selection পদ্ধতিতে যাচাইকারী স্বতন্ত্র প্রতিষ্ঠান (IVA) নিয়োগের নিমিত্ত পরিকল্পনা কমিশন PPR অনুযায়ী CCEA এর অনুমোদন গ্রহণ সাপেক্ষে পূর্বানুমোদন দিয়েছে। এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে কার্যক্রম গ্রহণ করার জন্য ১৫/০২/২০২১ ইং তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো থেকে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে মর্মে প্রতিবেদনে উল্লেখ রয়েছে। | **[১.১.১]** স্বতন্ত্র প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের নিমিত্ত PPR অনুয়ায়ী CCEA এর অনুমোদনের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে। | পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু |
| | [১.২.১] **নির্ধিারিত সময়ের মধ্যে বাস্তবায়নকারী সংস্থার সাথে চুক্তি সম্পাদন। (সূচকের মান-১০):** পার্বত্য ৩টি জেলার বাস্তবায়নকারী সংস্থার সাথে গত ০২/০৩/২০২১ ইং তারিখে চূড়ান্ত মূল্যায়ন সম্পন্ন হয়েছে। নির্বাচিত সংস্থার সাথে Negotion করার পর মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে চুক্তি সম্পাদন করা হবে। | **[১.২.১]** পার্বত্য ৩টি জেলার বাস্তবায়নকারী সংস্থার সাথে দ্রুত চুক্তি সম্পাদন সম্পন্ন করতে হবে। | পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | কর্মকর্তা |
|---|---|---|---|
| | **[১.৩.১] নির্ধারিত সময়ে শিখন কেন্দ্র চালুকরণ।(সূচকের মান-১০):** গত ১৫/০৯/২০২০ তারিখে বাস্তবায়ন সহায়ক সংস্থা (ISA) এর সাথে চুক্তি সম্পাদন সম্পন্ন হয়েছে। বাস্তবায়ন সহায়ক সংস্থা (ISA) এবং জেলা পর্যায়ের সহকারী পরিচালকদের ওরিয়েন্টেশন সভা সম্পন্ন করা হয়েছে। শিক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে বেইজ লাইন জরীপ কাজ চলমান রয়েছে। আগামী এপ্রিল/মে ২০২১ মাস থেকে কেন্দ্র চালু করা সম্ভব হবে। উল্লেখ ইতোমধ্যে ৬১ জেলায় ১ম কিস্তির বরাদ্দ ছাড় করা হয়েছে। | **[১.৩.১]** আনুষাঙ্গিক কার্যক্রম সম্পন্ন করে সরকার কর্তৃক শিক্ষা-প্রতিষ্ঠান খোলার পর শিখন কেন্দ্র চালু করতে হবে। | পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু |
| [২] সাক্ষরতার হার বৃদ্ধি এবং অব্যাহত ও জীবন ব্যাপী শিক্ষার সুযোগ অবারিতকরণ [মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর আওতাধীন] **(সূচকের মোট মান-২০)** | **[২.১.১] নির্ধারিত সংখ্যক শিখন কেন্দ্র চালু (সূচকের মান-১০):** মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)'র ২য় ধাপের ৩৫ হাজার শিখন কেন্দ্র চালুর জন্য বেইজ লাইন সার্ভের মাধ্যমে ১৫-৪৫ বছরের ২১ লক্ষ নিরক্ষর নারী- পুরুষ চিহ্নিতকরণ, শিখনকেন্দ্র নির্বাচন, বিভিন্ন কমিটি গঠন, শিক্ষক ও সুপারভাইজার নিয়োগ এবং তাদের বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান, সকল প্রকার শিখন উপকরণ ক্রয়/সংগ্রহ/বিতরণসহ যাবতীয় প্রস্তুতিমূলক কাজ সম্পাদন করা হয়েছে। সরকারী সিদ্ধান্ত পাওয়া মাত্রই ৩৫ হাজার শিখন কেন্দ্র একযোগে চালু করা যাবে মর্মে প্রকল্প পরিচালক, প্রতিবেদনে উল্লেখ করেছেন। | **[২.১.১]** সরকার শিক্ষা প্রতিষ্ঠান খুলে দিলে ৩৫ হাজার শিখন কেন্দ্র চালু করতে হবে। | প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উশিব্যু |
| | **[২.২.১] নির্দিষ্ট সংখ্যক শিক্ষার্থীকে সাক্ষরতা প্রদান (সূচকের মান-১০):** ৬০ জেলার প্রকল্পভুক্ত ১১৪টি উপজেলার ২১ লক্ষ শিক্ষার্থীর সাক্ষরতা প্রদানের যাবতীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।করোনা ভাইরাস প্রাদুর্ভাবের উন্নতি হলে এবং সরকার শিক্ষা প্রতিষ্ঠান খুলে দিলে মাঠ পর্যায়ে মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)'র শিক্ষার্থীদের সাক্ষরতা প্রদান কার্যক্রম শুরু করা হবে। | **[২.২.১]** করোনা ভাইরাস প্রাদুর্ভাবের উন্নতি হলে এবং সরকার শিক্ষা প্রতিষ্ঠান খুলে দিলে ১১৪টি উপজেলার ২১ লক্ষ শিক্ষার্থীর সাক্ষরতা প্রদান করতে হবে। | প্রকল্প পরিচালক মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উশিব্যু |
| [৩]উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ **(সূচকের মোট মান-২০)** | **[৩.১.১] নির্ধারিত সময়ে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত (সূচকের মান-১০):** ০৮/০৯/২০২০খ্রি. তারিখে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস যথাযথভাবে পালন করা হয়েছে। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদ্‌যাপনের প্রমাণক ১ম কোয়াটারের প্রতিবেদন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | - | |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | কর্মকর্তা |
|---|---|---|---|
| | **[৩.২.১] ডিজিটাল মেলা (সূচকের মান-৫):** ০৯/১২/২০২০ থেকে ১১/১২/২০২০খ্রি: তারিখ পর্যন্ত ভার্চুয়ালি ডিজিটাল মেলা অনুষ্ঠিত হয়েছে। ব্যুরো উক্ত মেলায় অংশগ্রহণ করেছে। ২য় কোয়াটারের প্রতিবেদন প্রমাণকসহ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | - | |
| | **[৩.২.২] উন্নয়ন মেলা (সূচকের মান-৫:** জাতীয়ভাবে উন্নয়ন মেলা উদযাপন করা হলে তা বাস্তবায়নের প্রয়োজনীয় সকল পূর্ব প্রস্তুতি গ্রহণ করা হবে। সহকারী পরিচালক (বাস্তবায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর প্রতিবেদনে উল্লেখ করেছেন। | **[৩.২.২]** জাতীয়ভাবে উন্নয়ন মেলা উদযাপন করা হলে তা বাস্তবায়নের প্রয়োজনীয় সকল পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (বাস্তবায়ন ও প্রশিক্ষণ), উশিব্যু |
| **উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:** | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাব দিহি নিশ্চিতকরণ (সূচকের মান-১০) | **[১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত (সূচকের মান-২):** এপিএ'র ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | **[১.১.১]** এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিস্টেম এনালিস্ট/ উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিব্যু |
| | **[১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত (সূচকের মান-১):** বার্ষিক কর্মসম্পাদন চুক্তির উপর (APA)'র টিমের মাসিক সভা নিয়মিতভাবে অনুষ্ঠিত হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়। | **[১.১.২]** এপিএ'র টিমের মাসিক সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)/ সহকারী পরিচালক (প্রশাসন) |
| | **[১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত (সূচকের মান-২):** অংশীজনদের সঙ্গে প্রতি ত্রৈমাসিকে একটি করে মতবিনিময় সভা করে কার্যবিবরণী প্রমাণকসহ ব্যুরোর প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করা হয়েছে। মার্চ ২০২১ মাসের মধ্যে পরবর্তী সভা করা হবে। সভার তারিখ ও সময় নির্ধারণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। সহকারী পরিচালক (বাস্তবায়ন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর প্রতিবেদনে উল্লেখ করেছেন। | **[১.২.১]** শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে প্রতি ত্রৈমাসিকে একটি মতবিনিময় সভা করে কার্যবিবরণী ব্যুরোর প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (বাস্তবায়ন ও প্রশিক্ষণ) উশিব্যু |
| | **[১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত (সূচকের মান-২):** উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী প্রতি ৩মাস পর পর অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভা করার নির্দেশ রয়েছে। সেপ্রেক্ষিতে ৩য় ত্রৈমাসিক অবহিতকরণ সভাটি মার্চ ২০২১ খ্রি: মাসের মধ্যেই সম্পন্ন করা হবে এবং প্রমাণক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | **[১.৩.১]** অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের সঙ্গে প্রতি ত্রৈমাসিকে একটি অবহিতকরণ সভা করে কার্যবিবরণী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিব্যু। |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | কর্মকর্তা |
|---|---|---|---|
| | **[১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত (সূচকের মান-২)** উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী প্রতি ৩মাস পর পর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভা করার নির্দেশ রয়েছে। সে প্রেক্ষিতে ৩য় ত্রৈমাসিক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ ৩য় সভা মার্চ, ২০২১ খ্রি: মাসের মধ্যেই সম্পন্ন করা হবে এবং কার্যবিবরণীটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | **[১.৪.১]** সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের সাথে প্রতি ত্রৈমাসিকে একটি অবহিতকরণ সভা করে কার্যবিবরণীটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) উশিব্যু। |
| | **[১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত (সূচকের মান -২):** সিস্টেম এনালিস্ট, উশিব্যু মহোদয় জানান যে, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর এমআইএস শাখা হতে নিয়মিতভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করা হচ্ছে। | **[১.৫.১]** নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে এবং তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উশিব্যু'র প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | সিস্টেম এনালিস্ট, উশিব্যু। |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি (সূচকের মান-৯) | **[২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত (সূচকের মান-২):** ই-নথির সার্ভার আপগ্রেডেশনের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। উশিব্যু'র শাখা প্রধানগণকে নিজ নিজ শাখার সকল নথি ও পত্র ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো।উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর বিদ্যমান নথির ৭১% ই-নথিতে নিষ্পত্তি হয়েছে। | **[২.১.১]** ই-নথির মাসিক অগ্রগতি প্রতিবেদন শতকরা হারে দাখিল করতে হবে। ব্যুরোর বিদ্যমান নথির ৮০% ই-নথিতে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিস্টেম এনালিস্ট এবং কর্মকর্তা (সকল), উশিব্যু। |
| | **[২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত (সূচকের মান-২):** বাজেট বেইসড আকাউন্টিং সিস্টেম সফটওয়ারটি প্রস্তুত করা হয়েছে। আগামী এপ্রিল/২০২১ হতে অনলাইনে ব্যবহার করা হবে মর্মে সহকারী পরিচালক (অর্থ ও লজি:) মহোদয় প্রতিবেদনে উল্লেখ করেন। | **[২.২.১]** বাজেট বেইসড আকাউন্টিং সিস্টেম সফটওয়ারটি দ্রুত চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), সহকারী পরিচালক (অর্থ ও লজি:) উশিব্যু |
| | **[২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত (সূচকের মান-২):** বাজেট বেইসড আকাউন্টিং সিস্টেম নামে একটি সফটওয়ার চালু করা হয়েছে। উক্ত সফটওয়ারটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়নের জন্য হিসাব কাজে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। | **[২.৩.১]** বাজেট বেইসড আকাউন্টিং সিস্টেম সফটওয়ার সম্পর্কে হিসাব কাজে সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষণ প্রদানপূর্বক সফটওয়ারটির যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক, (প্রশাসন ও অর্থ/বাস্তবায়ন ও প্রশিক্ষণ) উশিব্যু |
| | [২.৪.১] **প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত (সূচকের মান-১)** ২০২০-২০২১ অর্থ বছরে ০১-০৫ ফেব্রুয়ারি, ২০২১ মাসে ৩৫ জন (১৭-২০ গ্রেড) কর্মচারীকে ৪০ জনঘণ্টা করে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | **[২.৪.১]** ২০২০-২০২১ অর্থবছরে প্রত্যেক কর্মচারীর ৫০ জনঘণ্টা প্রশিক্ষণের জন্য স্বাস্থ্য বিধি মেনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (প্রশিক্ষণ), উশিব্যু |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | কর্মকর্তা |
|---|---|---|---|
| | **[২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ (সূচকের মান-১):** ২৩ ফেব্রুয়ারি/২০২১ তারিখ ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে ০৮ ঘণ্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | **[২.৪.২]** ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে ০৮ জনঘণ্টা প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রমাণক যথাসময়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), সহকারী পরিচালক (প্রশাসন) উশিব্যু |
| | **[২.৫.১] নূন্যতম একটি আওতাধীন দপ্তর/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত (সূচকের মান-১):** ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে একটি আওতাধীন দপ্তর/একজন কর্মচারীকে প্রনোদনা প্রদান করার জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ), মহোদয় কমিটি গঠন করার জন্য নির্দেশনা প্রদান করেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | **[২.৫.১]** একটি আওতাধীন দপ্তর/একজন কর্মচারীকে প্রণোদনা প্রদান করার জন্য কমিটি গঠন করতে হবে। কমিটির সুপারিশক্রমে প্রণোদনা প্রদান করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), উশিব্যু |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন (সূচকের মান-৬) | **[৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত (সূচকের মান -১):** উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী ১৯% ক্রয়ের কাজ সম্পন্ন করা হয়েছে প্রতিবেদনে উল্লেখ রয়েছে। | **[৩.১.১]** ব্যুরোর ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা মোতাবেক ক্রমপুঞ্জিভূতভাবে ১০০% ক্রয় নিশ্চিত করতে হবে। প্রতি ত্রৈমাসিকে শতকরা হারে অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন, অর্থ ও লজি:) সহকারী পরিচালক (অর্থ ও লজি:), উশিব্যু |
| | **[৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি)/বাজেট বাস্তবায়িত (সূচকের মান-২):** মৌলিক সাক্ষরতা প্রকল্পে (৬৪ জেলা) এর ২০২০-২০২১ অর্থবছরের অনুমোদিত বার্ষিক কর্ম ও ক্রয় পরিকল্পনা মোতাবেক ক্রমপুঞ্জিভূতভাবে ১০০% বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষে কার্যক্রম চলমান রয়েছে এবং ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর-ডিসেম্বর/২০২০) প্রেরণ করা হয়েছে। (অক্টোবর-ডিসেম্বর/২০২০) পর্যন্ত ব্যয় ১০৮২.২৫ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি ১৪.৯২% মর্মে প্রকল্প পরিচালক মহোদয় প্রতিবেদনে উল্লেখ করেন। | **[৩.২.১]** মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) ২০২০-২০২১ অর্থবছরের অনুমোদিত বার্ষিক কর্ম ও ক্রয় পরিকল্পনা মোতাবেক ক্রমপুঞ্জিভূত ভাবে ১০০% বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং প্রতি ত্রৈমাসিকে শতকরা হারে অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উশিব্যু |
| | **[৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত (সূচকের মান-১):** উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ:) মহোদয় বলেন, এ-পার্ট এবং অগ্রিম অনুচ্ছেদভুক্ত কোন অডিট আপত্তিসমূহ বর্তমানে ত্রিপক্ষীয় সভায় উপস্থাপন যোগ্য নেই মর্মে সভায় আলোচনা করেন। | **[৩.৩.১]** ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনযোগ্য অডিট আপত্তি নেই মর্মে প্রমাণকসহ প্রতিবেদন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন, অর্থ ও লজি:)/ সহকারী পরিচালক (অর্থ ও লজি:) উশিব্যু। |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | কর্মকর্তা |
|---|---|---|---|
| | **[৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত (সূচকের মান-১):** উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প-২ এর ১টি আপত্তির নিষ্পত্তিমূলক পত্র পাওয়া গেছে। ব্যুরোতে বিদ্যমান সকল অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ফাপাড দপ্তরের সাথে যোগযোগ অব্যাহত আছে। হিসাবরক্ষক জনাব নুরুল আলম সর্বশেষ গত ৩১/০১/২০২১ তারিখে উক্ত দপ্তরের সাথে যোগাযোগ করেছেন মর্মে প্রতিবেদনে উল্লেখ করেছন। | **[৩.৩.২]** ব্যুরোর বিদ্যমান অডিট আপত্তির ৫০% আপত্তি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক, (প্রশাসন, অর্থ ও লজি:)/ সহকারী পরিচালক (অর্থ ও লজি:), |
| | **[৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত (সূচকের মান-১)** সহকারী পরিচালক (প্রশাসন), মহোদয় জানান যে, ব্যুরোর স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা ৬৯০ নং স্মারকে গত ০৮/১২/২০২০ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | - | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/০৪/২১

(শামস আল মুজাদ্দিদ)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ০২-৮৮৩৫১৫৫

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৩০১.১৬.৪৪৪.১৯- ৬৫০

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭
০১ এপ্রিল ২০২১

**কার্যার্থে:**

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উশিব্যু, ঢাকা।
৩। সিষ্টেম এনালিষ্ট, উশিব্যু, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপ-পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/প্রশাসন ও অর্থ), উশিব্যু, ঢাকা।
৫। সহকারী পরিচালক (সকল), উশিব্যু, ঢাকা।
৬। সহকারী পরিচালক, জেউশিব্যু (সকল), জেলা............................................
৭। লাইব্রেরিয়ান/ষ্টোর কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার, উশিব্যু, ঢাকা।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, উশিব্যু, ঢাকা---(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অফিস কপি।

**সদয় জ্ঞাতার্থে:**

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১/৪/২০২১

(মোঃ রিপন কবির লস্কর)
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ০২-২২২২৯২৭৩৯